

‘ছেলে হোক, মেয়ে হোক,
দ’টি সন্তানই যথেষ্ট’

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
মাদারীপুর।



www.fpo.madaripur.gov.bd

স্মারক নং-৫৯.১১.৫৪০০.০০১.১১.০০১.২০২০-৫৮৫

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪২৮
২৪ ডিসেম্বর ২০২১

মাদারীপুর জেলা পরিবার পরিকল্পনা বিভাগের নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ৩১ আগস্ট, ২০২১ তারিখের ৫৯.১১.৫৪০০.০০১.১১.০০১.২০২০-৩৫৮ নম্বর স্মারকে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে মাদারীপুর জেলা পরিবার পরিকল্পনা বিভাগের ৩য় ও ৪র্থ শ্রেণির কর্মচারী নিয়োগ পরীক্ষা আগামী ২৪-১২-২০২১ তারিখ শুক্রবার সকাল ১০.০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে। উক্ত নিয়োগ বিজ্ঞপ্তির আলোকে যে সকল প্রার্থী অনলাইনে আবেদন করেছেন তাদেরকে অদ্য ১৪-১২-২০২১ তারিখ হতে ২৩-১২-২০২১ তারিখ পর্যন্ত নিম্নলিখিত শর্ত মোতাবেক প্রবেশ পত্র ডাউনলোড করে পরীক্ষায় অংশগ্রহণের জন্য বলা হল।

শর্তাবলী ও নির্দেশিকা :

১. পরীক্ষার্থীগণকে স্বাস্থ্য বিধি মেনে যথানিয়মে আবশ্যিকভাবে মাস্ক পরিধান করে পরীক্ষা কেন্দ্র ও কক্ষে প্রবেশ করতে হবে;
২. লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার সময় প্রবেশপত্রটি অবশ্যই সঙ্গে আনতে হবে এবং কক্ষ পরিদর্শককে প্রদর্শন করতে হবে;
৩. লিখিত পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ মিনিট পূর্বে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে হবে এবং লিখিত পরীক্ষায় কালো কালির কলম ব্যবহার করতে হবে;
৪. উত্তরপত্র ও হাজিরা শীটে প্রদত্ত স্বাক্ষর প্রার্থীর আবেদনপত্রে প্রদত্ত স্বাক্ষরের সাথে মিল থাকতে হবে;
৫. পরীক্ষায় কোন ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না। পরীক্ষা কক্ষে বই, পুস্তক, ব্যাগ, হাতঘড়ি, মোবাইল ফোন বা কোন প্রকার যোগাযোগ যন্ত্র/ইলেকট্রনিক ডিভাইস আনা যাবে না;
৬. প্রশ্নপত্র দেয়ার পর হতে পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কোন পরীক্ষার্থীই কোন অবস্থাতেই পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না;
৭. পরীক্ষা শেষে উত্তরপত্র এবং প্রশ্নপত্র উভয়ই জমা প্রদান পূর্বক পরীক্ষা হল ত্যাগ করতে হবে;
৮. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে মৌখিক পরীক্ষার কমপক্ষে ৩০ মিনিট পূর্বে নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত সকল কাগজপত্রের মূলকপি এবং ০১(এক)সেট সত্যায়িত ফটোকপিসহ নির্ধারিত ডেস্কে রিপোর্ট করতে হবে;
৯. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা(তারিখ যথাসময়ে নোটিস বোর্ড ও ওয়েবসাইটের মাধ্যমে অবহিত করা হবে) জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুরে অনুষ্ঠিত হবে। এ জন্য পৃথক কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না;
১০. অনিবার্য কারণবশত: কর্তৃপক্ষ পরীক্ষার দিন, তারিখ, সময় ও ডেন্যু পরিবর্তনের ক্ষমতা সংরক্ষণ করেন। এরূপ করা হলে পরিবর্তিত দিন, তারিখ, সময় ও ডেন্যু ইত্যাদি জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, মাদারীপুর এবং জেলা প্রশাসক, মাদারীপুরের ওয়েবসাইট www.fpo.madaripur.gov.bd এবং www.madaripur.gov.bd এর মাধ্যমে ও পরীক্ষার্থীর অনলাইন আবেদনে প্রদত্ত মোবাইল নম্বরে এসএমএস এর মাধ্যমে জানানো হবে;
১১. পরীক্ষায় অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট পরীক্ষার্থীর পরীক্ষা বাতিলসহ তাঁর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;
১২. পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;
১৩. পরীক্ষা সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


(বিপ্রব বড়ুয়া) ২৪/১২/২০২১

উপপরিচালক, পরিবার পরিকল্পনা

ও

সদস্য সচিব

জেলা পরিবার পরিকল্পনা বাছাই/নিয়োগ কমিটি

মাদারীপুর।

ইমেইল: ddfp.madaripur@gmail.com

মোবাইল : ০১৮১৫৫৯২৮২৭।